114

দৈনিক বাংলা

তারিখ 11 DEC 1992
পৃষ্ঠা ৬ কলাম ৪

# ঢাকা ভার্সিটির কয়েকটি পরীক্ষা স্থগিত

আগামীকাল ১২ ডিসেম্বরের থেকে ১৭ ডিসেম্বর মধ্যে অনুষ্ঠিতব্য ঢাকা বিশ্ব-বিদ্যালয়ের বেশ কিছু পরীক্ষা স্থগিত ঘোষণা করা হয়েছে।

পরীক্ষা নিয়ন্ত্রক স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়, কলাভবনের চতুর্থ তলা এবং কার্জন হল পরীক্ষা কেন্দ্রে অনুষ্ঠিতব্য বার্ষিক কোর্স পদ্ধতির বিএ, বিএসএস ২য় বর্ষ সাবসিডিয়ারী ১৯৯১, ৩য় বর্ষ বিএসসি সম্মান ও বি ফার্ম পার্ট-৩ ১৯৯০, ১ম পর্ব এমএসসি ১৯৯০ এবং ৩য় বর্ষ এলএলবি সম্মান ১৯৯১-এর পরীক্ষা অনিবার্য কারণবশত ১২ ডিসেম্বর থেকে ১৭ ডিসেম্বর পর্যন্ত স্থগিত ঘোষণা করা হয়েছে।

স্থগিত এসব পরীক্ষার সময়সূচী যথাসময়ে ঘোষণা করা হবে। বর্ণিত পরীক্ষার স্থান, সময় ও অন্যান্য অংশ অপরিবর্তিত থাকবে।